শিল্প মন্ত্রণালয়
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)
৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
info@bscic.gov.bd
www.bscic.gov.bd

**নম্বর:** ৩৬.০২.০০০০.০০০.০১৬.৩২.০০০৪.২০.৫

তারিখ: ১৭ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০২ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

# বিজ্ঞপ্তি

বিষয়: **আগামী ১৬-১৮ জুন, ২০২৬ সময়ে অস্ট্রেলিয়ার সিডনিতে অনুষ্ঠেয় ‘Global Sourcing Expo’ শীর্ষক মেলায় অংশগ্রহণ।**

এতদ্দ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৬-১৮ জুন, ২০২৬ সময়ে অস্ট্রেলিয়ার সিডনিতে ‘Global Sourcing Expo-2026’ শীর্ষক আন্তর্জাতিক মেলা অনুষ্ঠিত হবে। উক্ত মেলার তথ্যাদি নিম্নরূপ:

| | |
|---|---|
| মেলার নাম | Global Sourcing Expo 2026 |
| মেলার সময়কাল | ১৬-১৮ জুন, ২০২৬ |
| মেলার ভেন্যু | International Convention Centtre, Sydney, Australia |
| বুথের সাইজ | ৯ বর্গ মিটার |
| বুথ টাইপ | Space Only |
| বুথ ভাড়া | ৬,২৬,৩৫৬.০০ (ছয় লক্ষ ছাব্বিশ হাজার তিনশত ছাপ্পান্ন) মাত্র। *** বুথ নির্মাণ ও অন্যান্য খরচ পরবর্তী সময়ে সংগ্রহ করা হবে। |
| প্রদর্শণী পণ্য | Apparel & Fashion, Fashion Accessories, Textiles, Home (Furnishings / Decor), Footwear |

০২। রপ্তানি উন্নয়ন ব্যুরো অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহকে বুথ মূল্যের ওপর নিম্নরূপভাবে ভর্তুকি প্রদান করবে-

i) তৈরি পোশাক এর প্রতিষ্ঠানের ক্ষেত্রে:

| ক্রম | রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) | ক্যাটাগরি | ইপিবি’র প্রদেয় সর্বোচ্চ সহায়তা (%) |
|---|---|---|---|
| ১। | ১০ এর উপরে | ক | ৩০ |
| ২। | ০৫-১০ | খ | ৪০ |
| ৩। | ০৫ এর নীচে এবং প্রারম্ভিক (কোন রপ্তানি নাই) | গ | ৫০ |

ii) অন্যান্য খাতের প্রতিষ্ঠানের ক্ষেত্রে:

| ক্রম | রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) | ক্যাটাগরি | ইপিবি’র প্রদেয় সর্বোচ্চ সহায়তা (%) |
|---|---|---|---|
| ১। | রপ্তানিকারক সকল প্রতিষ্ঠানের জন্য | ক | ৪৫ |
| ২। | প্রারম্ভিক (কোন রপ্তানি নেই) | খ | ৫০ |

iii) বিশেষ খাত:

| ক্রম | রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) | ক্যাটাগরি | ইপিবি’র প্রদেয় সর্বোচ্চ সহায়তা (%) |
|---|---|---|---|
| ১। | নারী উদ্যোক্তা | - | ৬০ |

(iv) বায়িং হাউজ প্রতিষ্ঠানসমূহকে (BGBA- এর সদস্যভুক্ত) প্রযোজ্য ক্ষেত্রে রপ্তানি আদেশ প্রাপ্তি ও রপ্তানির বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান (রপ্তানিকারক প্রতিষ্ঠান) থেকে প্রমাণকসহ প্রত্যয়ন দাখিল সাপেক্ষে বুথ মূল্যের উপর সর্বোচ্চ ৪০% ভর্তুকি প্রদান করা হবে।

০৩। আগ্রহী প্রতিষ্ঠান/ সমিতির সদস্যকে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ ইপিবির নির্ধারিত ছক মোতাবেক আবেদনপত্রের সাথে প্রযোজ্য হারে অংশগ্রহণ ফি ইপিবির অনুকূলে পে-অর্ডার করে ০৫-০৩-২০২৬ তারিখ দুপুর ১.০০ ঘটিকার মধ্যে রপ্তানি উন্নয়ন ব্যুরোর মেলা বিভাগে রক্ষিত বাক্সে দাখিলের জন্য অনুরোধ করা হলো। আবেদনপত্র ইপিবির ওয়েবসাইট (www.epb.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে। আবেদনপত্রের সাথে (ইআরসি, ট্রেড লাইসেন্স, আয়কর ও ভ্যাট সার্টিফিকেট, অংশগ্রহণকারী প্রতিনিধির পাসপোর্ট কপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, অঙ্গীকারনামা, অন্যান্য দেশে ভ্রমণের ভিসার কপি, সর্বশেষ অর্থবছরের পিআরসি, ইপিবির রেজিস্ট্রেশন সার্টিফিকেট ইত্যাদি) প্রয়োজনীয় ডকুমেন্টস অবশ্যই দাখিল করতে হবে।

০৪। উল্লেখ্য, ভিসা ইস্যু সম্পূর্ণই দূতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারণে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে ইপিবি দায়-দায়িত্ব বহন করবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে মেলায় অংশগ্রহণ না করলে/ ভিসা প্রাপ্ত না হলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠান মনোনীত না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরত দেয়া হবে।

০৫। এ সংক্রান্ত তথ্য, পরামর্শ বা সাচিবিক সহায়তার জন্য প্রয়োজনে বিপণন বিভাগ, বিসিক, ঢাকা (বিসিক ভবন, ৭ম তলা, ৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮; ফোন: ০১৭১৭২৫০৮০৭, ০১৮১৮৯৩১৬০৪) এ যোগাযোগ করা যেতে পারে।

০২-০৩-২০২৬
শেফালী খাতুন
মহাব্যবস্থাপক (বিপণন)

বিতরণ: জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। আইসিটি সেল প্রধান, আইসিটি সেল, বিসিক (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, বিসিক (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
৩। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ শাখা, বিসিক (ফেসবুক পেইজে প্রকাশের অনুরোধসহ)।